গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সেতু বিভাগ
আইসিটি সেল

**তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ সংক্রান্ত সভার কার্যবিবরণী**

---

| | |
|---|---|
| সভাপতি | মো. মনজুর হোসেন<br>সচিব |
| সভার তারিখ | ২৯ নভেম্বর, ২০২২ খ্রি |
| সভার সময় | সকাল ১১.৩০ ঘটিকা |
| স্থান | কালীপুর বাজার সংলগ্ন মাঠ, মতলব উত্তর, চাঁদপুর |
| উপস্থিতি | পরিশিষ্ট - ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি উপসচিব (প্রশাসন), সেতু বিভাগকে অংশীজন সভার কার্যক্রম শুরু করতে অনুরোধ করেন। অতঃপর উপসচিব (প্রশাসন) উপস্থিত সদস্যবৃন্দকে স্ব স্ব পরিচিতি তুলে ধরার জন্য অনুরোধ করেন। পরিচিতি পর্ব শেষে সেতু বিভাগ ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের কর্মকর্তাবৃন্দ এবং সংশ্লিষ্ট অংশীজনের সমন্বয়ে অনুষ্ঠেয় তথ্য অধিকার সংক্রান্ত সচেতনতা বৃদ্ধিকরণ ও তথ্য অধিকার আইন ২০০৯ প্রচার বাস্তবায়নে করণীয়সহ সার্বিক বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সেতু বিভাগ সম্পর্কিত কোন তথ্য যদি কোন নাগরিকের প্রয়োজন হয় তবে তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত ফরমে আবেদন করলে তা নির্দিষ্ট সময়ের মধ্যে নিষ্পত্তি করার বিষয়টি উপসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তথ্য প্রাপ্তির আবেদনের তারিখ হতে অনধিক ২০ (বিশ) কার্য দিবসের মধ্যে অনুরোধকৃত তথ্য প্রদান করবেন। নির্দিষ্ট সময়ে তথ্য পাওয়া না গেলে পরবর্তীতে সচিব মহোদয় বরাবর আপীল করা যাবে বলেও সভাকে জানানো হয়।

স্থানীয় উপকারভোগীর পক্ষ হতে বুলন চৌধুরী উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং সভাকে জানান যে, সেতুটি নির্মিত হলে উত্তর মতলবপুরের জনগণ উপকৃত হবে। তিনি প্রকল্পের কাজ দ্রুত শুরু করার আহ্বান জানান।

উপজেলা পরিষদ চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা এম, এ কুদ্দুস বলেন, বর্তমান সরকার অবাধ তথ্য প্রবাহে বিশ্বাসী। এজন্য সরকার পৃথিবীর সর্ববৃহৎ ওয়েবপোর্টাল তৈরি করেছেন। এই ওয়েবপোর্টালে সরকারের সকল তথ্য পাওয়া যায়। তিনি আরও বলেন, বর্তমান সরকারের প্রধান মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ আজ উন্নয়নের মহাসড়কে। মেঘনা-ধনাগোদা নদীর উপরে সেতু নির্মাণের ক্ষেত্রে সেতু বিভাগ ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষকে মতলব উত্তর উপজেলাবাসীর পক্ষ থেকে সব ধরণের সহযোগিতা করা হবে।

মোঃ মিলন মাহমুদ বিপিএম (বার), পুলিশ সুপার চাঁদপুর বলেন, আইন শৃঙ্খলা রক্ষার কাজে নদীপথ বাঁধাস্বরূপ, সেতুটি নির্মিত হলে অত্র অঞ্চলে আইন শৃঙ্খলা সংক্রান্ত কার্যক্রমের গতি বৃদ্ধি পাবে যা প্রত্যক্ষ ও পরোক্ষভাবে দেশ গঠনে অবদান রাখবে।

জনাব কামরুল হাসান, জেলা প্রশাসক, চাঁদপুর বলেন যে, বর্তমান সরকার ডিজিটাল বাংলাদেশ থেকে স্মার্ট বাংলাদেশে পদার্পণ করছে। ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ স্মার্ট বাংলাদেশে পরিণত হবে। এ লক্ষ্য বাস্তবায়নে তথ্যই হবে মূল হাতিয়ার। তিনি সকলকে সরকারি ওয়েবসাইটে স্বপ্রণোদিত তথ্য ব্যবহার করতে উৎসাহিত করেন। এছাড়া যদি কেউ কেউ তথ্য অধিকার আইনে কোন আবেদন করে তাও নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তির ব্যবস্থা করবেন বলে সভাকে জানান।

জনাব সত্যজিত কর্মকার, সদস্য (সচিব), ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন তাঁর বক্তব্যে বলেন যে, মেঘনা-ধনাগোদা নদীর উপর সেতু নির্মিত হলে রাজধানী ঢাকা যাতায়াতের ক্ষেত্রে সর্বোচ্চ ৫২ কিলোমিটার দূরত্ব কমে যাওয়ার সম্ভাবনা রয়েছে যা অত্র অঞ্চলের জনসাধারণের ভোগান্তি হ্রাসসহ বাণিজ্যিক ক্ষেত্রে বিশেষ অবদান রাখবে। তিনি পদ্মা সেতু, বঙ্গবন্ধু সেতুসহ সেতু বিভাগ কর্তৃক বাস্তবায়নকৃত অন্যান্য সেতুর দৈনন্দিন টোল আদায়ের তথ্য প্রতিদিন ওয়েবসাইটে প্রকাশ করায় সচিব, সেতু বিভাগকে ধন্যবাদ জানান।

জনাব মো: নুরুল আমিন, মাননীয় সংসদ সদস্য, চাঁদপুর-২ বলেন, এই আসনের গণমানুষের প্রাণের দাবি মেঘনা-ধনাগোদা নদীর উপর সেতু বাস্তবায়ন। তিনি আশা প্রকাশ করেন মাননীয় প্রধানমন্ত্রী অতি শীঘ্রই এই সেতু নির্মাণ করে চাঁদপুরবাসীকে উপহার দিবেন। এই সেতু নির্মাণ হলে চাঁদপুরবাসী সকালে ঢাকা গিয়ে প্রয়োজনীয় কাজ শেষ করে সন্ধ্যায় বাড়ি ফিরতে পারবে। ফলে সাধারণ জনগণ কোন হয়রানির স্বীকার হবে না। তিনি জনগণ চাওয়ার আগেই সেতু সংক্রান্ত তথ্য ওয়েবসাইটে প্রকাশ করায় সেতু বিভাগকে ধন্যবাদ জানান।

প্রধান অতিথি ড. শামসুল আলম, মাননীয় প্রতিমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর সাহসী ভুমিকায় নিজস্ব অর্থায়নে বাংলাদেশে গর্বের প্রতীক স্বপ্নের পদ্মাসেতু আজ দৃশ্যমান। তিনি আরও বলেন যে উত্তর মতলব তথা চাদপুরবাসীর আজকের প্রাণের দাবি মাননীয় প্রধানমন্ত্রীর কাছে মেঘনা-ধনাগোদা নদীর উপর সেতু নির্মাণ। এই সেতু নির্মাণের ফলে চাদপুরবাসী অতি সহজেই রাজধানী ঢাকার সাথে যোগাযোগ স্থাপন করতে পারবে। যোগাযোগ ব্যবস্থা সহজ হওয়ার ফলে চাঁদপুরে শিল্প কারখানা গড়ে উঠবে। যার ফলশ্রুতিতে স্থানীয় জনসাধারণের কর্মসংস্থান সৃষ্টি হবে, যার মাধ্যমে জনসাধারণের ক্ষমতায়ন নিশ্চিত হবে। তিনি আরও বলেন বর্তমান সরকার ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়ন করেছে। মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা জনাব সজীব ওয়াজেদ জয় এর নেতৃত্বে বাংলাদেশ তথ্য প্রযুক্তিতে বিপ্লব ঘটানোর জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন।

জনাব মো. মনজুর হোসেন সচিব, সেতু বিভাগ প্রধান অতিথি ড. শামসুল আলম, মাননীয় প্রতিমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়, স্থানীয় সংসদ সদস্য জনাব মো: নুরুল আমিন, চাঁদপুর-২, জনাব সত্যজিত কর্মকার, সদস্য (সচিব), ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, জেলা প্রশাসক, চাঁদপুর, পুলিশ সুপার, চাঁদপুর ও স্থানীয় প্রশাসনকে এ আয়োজন করতে সহযোগিতা এবং উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জানান। তিনি এ প্রকল্প বাস্তবায়নে সকল পর্যায়ে সুশাসন নিশ্চিত করতে সেতু বিভাগের সকল কাজে সহযোগিতা করার জন্য সকলকে অনুরোধ জানান। এক্ষেত্রে তিনি প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের স্বচ্ছতার সাথে কাজ করার নির্দেশ দেন। তিনি আরও জানান সরকারের তথ্য অধিকার বাস্তবায়নে সেতু বিভাগ নিরলস ভাবে কাজ করে যাচ্ছে।

বিস্তারিত আলোচনার পর সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| **ক্রমিক নং** | **সিদ্ধান্ত** | **বাস্তবায়নে** |
|---|---|---|
| ১ | তথ্য অধিকার আইন অনুযায়ী প্রাপ্ত আবেদনসমূহ নির্দিষ্ট সময়ের মধ্যে নিষ্পত্তি করার অনুরোধ করা হলো। | উপসচিব (প্রশাসন)<br>ও<br>তথ্য প্রদানকারী কর্মকর্তা, সেতু বিভাগ। |
| ২ | তথ্য অধিকার সংক্রান্ত সচেতনতা বৃদ্ধিকরণের লক্ষ্যে অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন অব্যাহত রাখার অনুরোধ করা হলো। | যুগ্মসচিব (প্রশাসন) |
| ৩ | অংশীজন সভা আয়োজন ও তথ্য অধিকার আইনের বহুল প্রচারের এই ধারা অব্যাহত রাখার অনুরোধ করা হলো। | উপসচিব (প্রশাসন) |
| ৪ | তথ্য অধিকার আইনের নির্দিষ্ট অংশ সেতু ভবনে ফ্রন্টডেস্কে প্রদর্শন করার অনুরোধ করা হলো। | উপসচিব (প্রশাসন) |
| ৫ | গুরুত্বপূর্ণ তথ্য ও প্রকাশনা ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধ করা হলো। | উপসচিব (প্রশাসন),<br>সেতু বিভাগ;<br>সহকারী প্রোগ্রামার, সেতু বিভাগ |

পরিশেষে আর কোন আলোচনার বিষয় না থাকায় সকলের সুস্বাস্থ্য কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মো. মনজুর হোসেন

সচিব

স্মারক নম্বর: ৫০.০০.০০০০.২০১.৩৫.০৪৬.১৪.২৩০

তারিখ: ৪ পৌষ ১৪২৯
১৯ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) জনাব মো: নুরুল আমিন, মাননীয় সংসদ সদস্য, চাঁদপুর-২
২) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৩) অতিরিক্ত সচিব ও উপ-প্রকল্প পরিচালক (প্রশাসন), পদ্মা বহুমুখী সেতু নির্মাণ প্রকল্প
৪) যুগ্মসচিব, প্রশাসন অনুবিভাগ , সেতু বিভাগ
৫) পরিচালক, পরিচালক (প্রশাসন) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
৬) যুগ্মসচিব, উন্নয়ন অনুবিভাগ , সেতু বিভাগ
৭) পরিচালক, পরিচালক (অর্থ ও হিসাব) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
৮) পরিচালক (রুটিন দায়িত্ব), পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
৯) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী এর দপ্তর , বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
১০) অতিরিক্ত পরিচালক, অতিরিক্ত পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
১১) অতিরিক্ত পরিচালক (পরিবেশ), পদ্মা বহুমুখী সেতু নির্মাণ প্রকল্প
১২) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর
১৩) পুলিশ সুপার, চাঁদপুর
১৪) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পরিকল্পনা বিভাগ ( মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৫) উপসচিব, প্রশাসন অধিশাখা, সেতু বিভাগ
১৬) উপ-সচিব, বাজেট অধিশাখা, সেতু বিভাগ
১৭) উপসচিব, উন্নয়ন অধিশাখা, সেতু বিভাগ
১৮) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উত্তর মতলব, চাঁদপুর
১৯) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, চাঁদপুর
২০) সুপারিনটেনডেন্ট ইঞ্জিনিয়ার, সুপারিনটেনডেন্ট ইঞ্জিনিয়ার (মনিটরিং) এর দপ্তর , বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
২১) নির্বাহী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, চাঁদপুর
২২) নির্বাহী প্রকৌশলী, মেঘনা- ধনাগোদা পওর বিভাগ,বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, চাঁদপুর
২৩) নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপদ অধিদপ্তর, চাঁদপুর
২৪) জেলা মৎস্য অফিসার, চাঁদপুর
২৫) উপজেলা নির্বাহী অফিসার, মতলব উত্তর, চাঁদপুর

২৬) একান্ত সচিব, সচিব এর দপ্তর, সেতু বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৭) সহকারী কমিশনার (ভূমি), মতলব উত্তর, চাঁদপুর
২৮) উপপরিচালক, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ, চাঁদপুর
২৯) উপপরিচালক, পরিবেশ অধিদপ্তর, চাঁদপুর
৩০) প্রোগ্রামার , আইসিটি সেল, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
৩১) পৌর মেয়র, ছেংগারচর/মতলব পৌরসভা, চাঁদপুর
৩২) সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, সেতু বিভাগ
৩৩) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি সেল, সেতু বিভাগ
৩৪) সভাপতি/সাধারণ সম্পাদক, উপজেলা আওয়ামীলীগ, উত্তর মতলব, চাঁদপুর
৩৫) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ

মোঃ আলমগীর হুসাইন
সিনিয়র সহকারী সচিব